



নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

ই-মেইল : Preccs@dhaka.net
ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৫/১৬২৯

তারিখ : ২১-০১-২০০৭

সংবাদ বিজ্ঞপ্তি


২২ জানুয়ারি ২০০৭ তারিখের নির্বাচন বাতিল :

নির্বাচন কমিশন কর্তৃক আজ এক গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে আগামী ২২ জানুয়ারি ২০০৭ তারিখে অনুষ্ঠিতব্য ভোটগ্রহণসহ নবম জাতীয় সংসদ নির্বাচনের সকল কার্যক্রম বাতিল ঘোষণা করা হয়েছে।

মহামান্য রাষ্ট্রপতি অভ্যন্তরীণ গোলযোগের দ্বারা বাংলাদেশের নিরাপত্তা এবং অর্থনৈতিক জীবন বিপদের সম্মুখীন হওয়ার কারণে উদ্ভূত বিদ্যমান জরুরী-অবস্থার প্রেক্ষাপটে সংবিধানের অনুচ্ছেদ ১৪১ক(১)এ প্রদত্ত ক্ষমতাবলে তাৎক্ষণিক কার্যকরতাসহ দেশে জরুরী-অবস্থা ঘোষণা করেছেন। দেশে জরুরী অবস্থা এবং বিরাজমান সংকটের কারণে নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত সময়সূচী অনুযায়ী সংসদের সাধারণ নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হয় নাই।

উল্লিখিত অবস্থার প্রেক্ষিতে নির্বাচন কমিশন General Clauses Act, 1897 (Act No. X of 1897) এর ধারা ২১ এর ক্ষমতাবলে ০৯ মাঘ ১৪১৩/২২ জানুয়ারি ২০০৭ তারিখে অনুষ্ঠিতব্য সাধারণ নির্বাচন সম্পর্কিত সকল প্রজ্ঞাপন বাতিল করেছে।

উল্লেখ্য বাতিলকৃত প্রজ্ঞাপনসমূহের অধীন ইতিমধ্যে কৃত সকল কার্যক্রম এবং গৃহীত সকল পদক্ষেপ আইনত অকার্যকর হবে।


(এস এম আসাদুজ্জামান)

জনসংযোগ কর্মকর্তা (সি.সি)

ফোন : ৮১১৪১৭৬

বাসা : ৮০৫৩৪৭৬